পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং: পসব্য/প্রকা/প্রশা-২২(১০৪)/২০২০-২১/৪১৭০ তারিখঃ ১২/০৪/২০২১ খ্রি.

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর অধীনে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১

## চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ

যেহেতু আপনি জনাব মোঃ সফিয়ার রহমান (S-951), কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, ডোমার শাখা, নীলফামারী; উক্ত শাখায় দায়িত্ব পালনকালে সংঘটিত গুরুতর অনিয়মের অভিযোগে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও আত্মসাৎমূলক অপরাধের দায়ে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১ রুজুপূর্বক ২৪/১২/২০২০ খ্রি. তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(১০৪)/২০২০-২১/২৬৫০ নং স্মারকমূলে অভিযোগনামা জারী করা হয়েছিল, আপনি অভিযোগনামার জবাব দাখিল করেছিলেন এবং উক্ত মোকদ্দমাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড গঠন করা হয়েছিল, আপনি তদন্তে উপস্থিত হয়েছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড বিভাগীয় মোকদ্দমাটি প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ সফিয়ার রহমান, আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারীর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

০৪। সেহেতু গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ সফিয়ার রহমান, আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৪২(৬) প্রবিধি মোতাবেক অত্র ঘোষণা প্রাপ্তির ০৭(সাত) টি কার্যদিবসের মধ্যে কেন আপনার উপর প্রস্তাবিত শাস্তি আরোপ করা হবেনা তার যথোপযুক্ত কারণ দর্শানোর আদেশ দেয়া হল। নির্ধারিত সময়সীমার মধ্যে আপনি কারণ দর্শাতে ব্যর্থ হলে মোকদ্দমাটি একতরফাভাবে নিষ্পত্তি করা হবে।

০৫। আপনার জবাব প্রদানের সুবিধার্থে তদন্ত প্রতিবেদন এক প্রস্থ এতদসঙ্গে প্রেরণ করা হল।

১২.৪.২১
(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

স্মারক নং: পসব্য/প্রকা/প্রশা-২২(১০৪)/২০২০-২১/ ৪১৭০ (৬) তারিখঃ ১২/০৪/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
০২। প্রকল্প পরিচালক মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, ডোমার উপজেলা, নীলফামারী।
০৪। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, নীলফামারী।
০৫। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ডোমার শাখা, নীলফামারী। ব্যাংকের ওয়েবসাইট থেকে পত্রটি ডাউনলোড করে কম্পিউটার অপারেটর জনাব মোঃ সফিয়ার রহমান-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
০৬। জনাব মোঃ সফিয়ার রহমান (S-951), কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, ডোমার শাখা, নীলফামারী।
০৭। ব্যক্তিগত নথি/নথি/মহানথি।

১২/৪/২১
(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

# পল্লী সঞ্চয় ব্যাংক

## ডোমার শাখা, নীলফামারী।

| | |
|---|---|
| অভিযুক্তের নাম ও পদবী | মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর |
| কর্মস্থল | ডোমার শাখা, নীলফামারী |
| অনিয়ম সংঘটিত কার্যালয় | ডোমার শাখা, নীলফামারী |

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ সফিয়ার রহমান,কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, এর বিরুদ্ধে শৃঙ্খলা জনিত বিভাগীয় মোকদ্দমা নং-৪০/২০২০-২১ এর সার-সংক্ষেপ।

| ক্র: নং | অভিযোগের বিবরণ | তদন্তকালে দেয়া অভিযুক্তের বক্তব্য | তদন্তকারী কর্মকর্তা/তদন্ত বোর্ডের পর্যবেক্ষণ/মতামত | তদন্তকারী কর্মকর্তার সুনির্দিষ্ঠ মতামত (অভিযোগ প্রমানিত/প্রমানিতনয়) আংশিক প্রমানিত হলে অভিযোগের কোন অংশ প্রমাণিত তা উল্লেখ করতে হবে। |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ সফিয়ার রহমান ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে সমিতির ম্যানেজার/সভাপতির সম্মানী ভাতার ৭,০৭,১৩৮/- টাকা আত্মসাৎ করেন। | প্রাথমিক তদন্তে আমার বিরুদ্ধে ৭,০৭,১৩৮/-টাকা আত্মসাৎ এর অভিযোগ সঠিক যার মধ্যে ৪,৮৫,৬৫২/- টাকা সমন্বয় করা হয়। অবশিষ্ট ২,২১,৪৮৬/- টাকা জমা করার জন্য সময় প্রার্থনা করছি। | ১. জনাব সফিয়ার রহমান ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে সমিতির ম্যানেজার/সভাপতির সম্মানীর ৭,০৭,১৩৮/- টাকা আত্মসাৎ করেছেন যা তিনি স্বীকার করেছেন (কপি সংযুক্ত)। উক্ত টাকার মধ্যে ০১.১২.২০২০ তারিখে ৪,৮৫,৬৫২/- টাকা সমন্বয় করেছেন বললেও তার বিপরীতে তিনি সঠিক কোন দালিলীক প্রমাণ উপস্থাপন করতে পারেননি।তার নিকট আত্মসাতের ৭,০৭,১৩৮/- টাকাই সমন্বয় যোগ্য যা তদন্তকালে জনাব সফিয়ারের জবানবন্দিতে উঠে আসে।এছাড়াও তিনি ৩০.০৬.২০২০ তারিখে সমিতির ম্যানেজার/সভাপতির সম্মানীর ৮,১৭,৫৬০/- টাকা ট্রেজারী থেকে উত্তোলন করে সোনালী ব্যাংকের নিজনামীয় সঞ্চয়ী হিসাবে জমা করে আত্মসাৎ করেন(কপি সংযুক্ত)।পরবর্তীতে ২৯.০৭.২০২০ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে উক্ত হিসাব হতে ৬,৯৫,০০০/- টাকাউত্তোলন করে পিএসবির ডিডিওহিসাবে ৮,০৬,৪০০/-টাকাজমা করেন।এছাড়াও সমিতির সভাপতি/ম্যানেজারদের সম্মানীর টাকা বিতরণকালে পিকনিকের নাম করে ১৬ জন সদস্যের কাছ থেকে ৫০০/- টাকা করে ৮০০০/- টাকা গ্রহণ করেন। এছাড়াও তিনিতার উপর অর্পিত দায়িত্ব অবহেলা, সহকর্মীদের সাথে অসদাচরণ এবং অদক্ষতার অভিযোগ অকপটে স্বীকার করে নিয়েছেন। অর্থাৎ তার উপর অর্পিত সকল অভিযোগ সঠিক। | কর্মকর্তা-কর্মচারীর চাকরি প্রবিধান ২০১৬ এর ৩৮(ক,খ,ঘ,চ) অনুযায়ী দায়িত্ব অবহেলা, অসদাচরন, অদক্ষতা এবং চুরি ও আত্মসাৎ করার দায়ের অভিযোগ প্রমাণিত হওয়ায় ৭,০৭,১৩৮/- টাকা পরিশোধের দায়ভার জনাব মোঃ সফিয়ার রহমান উপর বর্তায়। |

নোটঃজনাব মোঃ সফিয়ার রহমান , কম্পিউটার অপারেটর , ডোমার শাখা, নীলফামারী এর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১ মোতাবেক পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর চাকরি প্রবিধান ২০১৬ এর ৩৮(ক,খ, ঘ,চ) অনুযায়ী দায়িত্ব অবহেলা, অসদাচরন, অদক্ষতা এবং চুরি ও আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ায় ৭,০৭,১৩৮/- টাকা পরিশোধের দায়ভার তাঁর উপর বর্তায়।

১৪.১২.২০২১
(মোঃ মকছেদুল হক)
সিনিয়র অফিসার
পল্লী সঞ্চয় ব্যাংক
জেলা (আঞ্চলিক) কার্যালয়
ঠাকুরগাঁও।

১৪.১২.২১
মোঃ মঞ্জুর মোর্শেদ
উপ-পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

# পল্লী সঞ্চয় ব্যাংক

## ডোমার শাখা, নীলফামারী

| | |
|---|---|
| অভিযুক্তের নাম ও পদবী | মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর |
| কর্মস্থল | ডোমার শাখা, নীলফামারী |
| অনিয়ম সংঘটিত কার্যালয় | ডোমার শাখা, নীলফামারী |

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক এর বিরুদ্ধে শৃঙ্খলা জনিত বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১ এর সার-সংক্ষেপ।

| ক্রমিক নং | অভিযোগের বিবরণ | তদন্তকালে দেওয়া অভিযুক্তের বক্তব্য | তদন্তকারী কর্মকর্তা/তদন্ত বোর্ডের পর্যবেক্ষণ/মতামত | তদন্ত কর্মকর্তার সুনির্দিষ্ট মতামত ( অভিযোগ প্রমানিত/প্রমানিত নয়) আংশিক প্রমানিত হলে অভিযোগের কোন অংশ প্রমানিত তা উল্লেখ করতে হবে। |
|---|---|---|---|---|
| ০২ | জনাব সফিয়ার রহমান অসৎ উদ্দেশ্যে নিয়মিত হস্তমজুদ, সোনালী ব্যাংকে টাকা জমা না করা, CBS পোষ্টিং না করা ইত্যাদি অনিয়ম সংঘটিত করেছেন। | আমার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য। | জনাব সফিয়ার রহমান নিয়মিত হস্থমজুদ করতেন। সোনালী ব্যাংকে টাকা জমা না করে নিজ নামীয় সোনালী ব্যাংকের সঞ্চয়ী হিসাবে ৩০ শে জুন ২০২০ তারিখে ট্রেজারীর মাধ্যমে ৮,১৭,৫৬০ টাকা উত্তোলন করে জমা করেন। (প্রমান পত্র সংযুক্ত) CBS নিয়মিত পোষ্টিং দিতেন না। | অভিযোগ প্রমানিত। |

মোঃ মঞ্জুর মোর্শেদ
উপ-পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

# পল্লী সঞ্চয় ব্যাংক
## ডোমার শাখা, নীলফামারী

| | |
|---|---|
| অভিযুক্তের নাম ও পদবী | মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর |
| কর্মস্থল | ডোমার শাখা, নীলফামারী |
| অনিয়ম সংঘটিত কার্যালয় | ডোমার শাখা, নীলফামারী |

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক এর বিরুদ্ধে শৃঙ্খলা জনিত বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১ এর সার-সংক্ষেপ।

| ক্রমিক নং | অভিযোগের বিবরণ | তদন্তকালে দেওয়া অভিযুক্তের বক্তব্য | তদন্তকারী কর্মকর্তা/তদন্ত বোর্ডের পর্যবেক্ষণ/মতামত | তদন্ত কর্মকর্তার সুনির্দিষ্ট মতামত ( অভিযোগ প্রমানিত/প্রমানিত নয়) আংশিক প্রমানিত হলে অভিযোগের কোন অংশ প্রমানিত তা উল্লেখ করতে হবে। |
|---|---|---|---|---|
| ০৩ | জনাব সফিয়ার রহমান ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের ক্লোজিং রিপোর্ট প্রস্তুত করেননি এবং প্রধান কার্যালয় প্রেরণ করেননি। | আমার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য। | জনাব সফিয়ার রহমান ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের ক্লোজিং রিপোর্ট প্রস্তুত করেননি এবং প্রধান কার্যালয় প্রেরণও করেননি। | অভিযোগ প্রমানিত। |

মোঃ মঞ্জুর মোর্শেদ
উপ-পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

# পল্লী সঞ্চয় ব্যাংক

## ডোমার শাখা, নীলফামারী

| | |
|---|---|
| অভিযুক্তের নাম ও পদবী | মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর |
| কর্মস্থল | ডোমার শাখা, নীলফামারী |
| অনিয়ম সংঘটিত কার্যালয় | ডোমার শাখা, নীলফামারী |

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ সফিয়ার রহমান, কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক এর বিরুদ্ধে শৃঙ্খলা জনিত বিভাগীয় মোকদ্দমা নং ৪০/২০২০-২১ এর সার-সংক্ষেপ।

| ক্রমিক নং | অভিযোগের বিবরণ | তদন্তকালে দেওয়া অভিযুক্তের বক্তব্য | তদন্তকারী কর্মকর্তা/তদন্ত বোর্ডের পর্যবেক্ষণ/মতামত | তদন্ত কর্মকর্তার সুনির্দিষ্ট মতামত ( অভিযোগ প্রমানিত/প্রমানিত নয়) আংশিক প্রমানিত হলে অভিযোগের কোন অংশ প্রমানিত তা উল্লেখ করতে হবে। |
|---|---|---|---|---|
| ০৪ | জনাব সফিয়ার রহমান আপনি শাখায় সংঘটিত বিভিন্ন অনিয়মের সাথে যুক্ত ছিলেন, যেমন-স্লিপ প্রিন্টে গ্রহীতার স্বাক্ষর না থাকা ঋণ ডিসবার্স শীটে আপনার স্বাক্ষর না থাকা, বেতন ভাতার কাজ অনলাইনে না করে রেজিষ্টারের মাধ্যমে করা, CF,PF এর টাকা সংশ্লিষ্ট হিসাবে যথাযত ভাবে জমা না করা ইত্যাদি । | আমার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য। | জনাব সফিয়ার রহমান শাখায় সংঘটিত বিভিন্ন অনিয়মের সাথে যুক্ত ছিলেন, যেমন-স্লিপ প্রিন্টে গ্রহীতার স্বাক্ষর না থাকা ঋণ ডিসবার্স শীটে স্বাক্ষর না থাকা, বেতন ভাতার কাজ অনলাইনে না করে রেজিষ্টারের মাধ্যমে করা, CF,PF এর টাকা সংশ্লিষ্ট হিসাবে যথাযত ভাবে জমা না করা ইত্যাদি । | অভিযোগ প্রমানিত। |

০৪/০৫/২০২১
মোঃ মঞ্জুর মোর্শেদ
উপ-পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা